

## হাদীস

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ  
বিসমিল্লাহির রহমানির রাহীম  
আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ

**হাদিসের আলোকে জান্নাত পাওয়ার সহজ কয়েকটি আমল:---**

\*\* রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন,

যে ব্যক্তি সকালে আর সন্ধ্যায় সাযিয়্যদুল ইস্তেগফার পাঠ করবে, সে এই দিনে অথবা এই রাত্রে মারা গেলে জান্নাতে প্রবেশ করবে। সহিহ বুখারী - (৬৩২৩)

\*\* রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন,

যে ব্যক্তি দৃঢ় বিশ্বাসের সাথে আযানের জবাব দিবে সে জান্নাতে প্রবেশ করবে।

আন নাসাঈ -(৬৭৪)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন,

যে ব্যক্তি উত্তম ও পরিপূর্ণরূপে অজু করার পর কালিমায়ে শাহাদাত পড়বে, তার জন্য জান্নাতের আটটি দরজা খুলে যাবে এবং যে দরজা দিয়ে ইচ্ছা সে জান্নাতে প্রবেশ করতে পারবে।

আত তিরমিজি -(৫৫)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন,

যে ব্যক্তি প্রত্যেক (ফরজ) নামাজের পর আয়াতুল কুরসি পড়বে, তাকে মৃত্যু ব্যতীত জান্নাতে প্রবেশে আর অন্য কিছু বাধা হয়ে দাঁড়াবে না; মরলেই জান্নাতি।

সহিহুল জামে -(৩৩৯)

\*\* রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আল্লাহর ৯৯ টি পবিত্র নাম রয়েছে, যে ব্যক্তি তা মনে রাখবে সে জান্নাতে প্রবেশ করবে।  
সহিহ বুখারী- (২৭৩৬)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন,যে ব্যক্তি জোহরের আগের চার এবং পরের দুই রাকাত সুনত নামাজ নিয়মিত আদায় করবে,তার জন্য জাহান্নাম হারাম করা হবে।

আবু দাউদ- (১২৬৯)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন,

যে ব্যক্তি মসজিদে এসে জামাতের সাথে ৪০ রাত তাকবীর উলাসহ এশার নামাজ পড়বে, তার বিনিময় আল্লাহ তলা জাহান্নাম থেকে মুক্তির সনদ লেখে দেন।ইবনে মাজাহ- (৭৯৮)

\*\* রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায়, আল্লাহকে খুশী করার নিয়াতে একদিন রোজা রাখবে, আল্লাহ তা'লা তার মুখমন্ডকে দোজখের আগুন হতে ৭০ বছর রাস্তা দুরে সরিয়ে নেন।

সহীহ বুখারী -(২৮৪০)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন,যে ব্যক্তি দুই ঠোঁটের মাঝখানে (জিব্বা) ও দুই পায়ের মাঝখানে (লজ্জাস্থানের) জামিন হতে পারবে,আমি তার জন্য জান্নাতের জামিন হব।

আত তিরমিজি- (২৪০৯)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন,আমি কি তোমাদেরকে জানিয়ে দেব না, কোন ব্যক্তির জন্য জাহান্নাম হারাম, যে ব্যক্তি মানুষের কাছাকাছি সহজ-সরল নম্রভাষী ও সদাচারী

আত তিরমিজি- (২৪৮৮)

\*\* রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, যে ব্যক্তি তিনটি বিষয়ে মুক্ত, যেমন অহংকার, গণিমতের সম্পদ আত্মসাৎ ও ঋণ হতে মুক্ত অবস্থায় মারা গেল, সে জান্নাতে প্রবেশ করবে।

আত তিরমিজি- (১৫৭২)

\*\* রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, আল্লাহর বান্দাদের মধ্যে যে ব্যক্তি পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করবে, অবহেলা করে এর কোনোটি পরিত্যাগ করবে না। মহান আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করানোর অঙ্গীকার - ওয়াদা করেছেন।

আবু দাউদ -(১৪২০)

হে প্রভু,

আমাদের সবাইকে এই আমল গুলো করার তাওফিক দান করুন,  
আমিন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

.....